# কৃষি বিপণন বার্তা

ত্রৈমাসিক কৃষি বিপণন বার্তা

দ্বিতীয় বর্ষ
পঞ্চম সংখ্যা
শ্রাবণ ১৪২৯
পৃষ্ঠা ৮


## কৃষি মন্ত্রণালয় এবং কৃষি বিপণন অধিদপ্তরের মাঝে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর সম্পাদন



২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে মাননীয় কৃষি মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এম.পি মহোদয়ের সাথে উপস্থিত মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

২১ জুন ২০২২ খ্রিঃ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সাথে অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কৃষি বিপণন অধিদপ্তরের পক্ষে চুক্তি স্বাক্ষর করেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আঃ গাফ্‌ফার খান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষি মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এমপি এবং সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম।

## কৃষি বিপণন অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার বিতরণ



কৃষি বিপণন অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের সাথে উপস্থিত মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

০৭ জুলাই, ২০২২ খ্রিঃ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের সদর দপ্তরে আয়োজিত একটি অনুষ্ঠানে সম্মাননা ক্রেস্ট প্রদান করেন জনাব আঃ গাফফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর।

## মাননীয় কৃষি মন্ত্রী কর্তৃক জাতীয় ফল মেলা-২০২২ কৃষি বিপণন অধিদপ্তরের স্টল পরিদর্শন



জাতীয় ফল মেলা-২০২২ এ কৃষি বিপণন অধিদপ্তরের স্টল পরিদর্শন করছেন মাননীয় কৃষি মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এম.পি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষি মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এম.পি জাতীয় ফল মেলা-২০২২ তে কৃষি বিপণন অধিদপ্তরের স্টল পরিদর্শন করেন। এ সময় কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম উপস্থিত ছিলেন। মাননীয় কৃষি মন্ত্রীকে জাতীয় ফল মেলায় কৃষি বিপণন অধিদপ্তরের আয়োজন সম্পর্কে অবহিত করেন জনাব আঃ গাফফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর।

## জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকীতে আলোচনা ও দোয়া মাহফিল আয়োজন



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকীতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১৫ আগস্ট ২০২২ খ্রি. তারিখ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে বিশেষ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা

হয়। উক্ত দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব এবং কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব আঃ গাফ্‌ফার খান। এ সময় সদর দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও হিসাব) ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব জনাব ইকবাল হোসেন চাকলাদার। আলোচনা সভা ও দোয়া মাহফিলের পূর্বে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে অধিদপ্তরে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

## "খসড়া কৃষি বিপণন নীতি ২০২২ পর্যালোচনা" বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

কৃষি বিপণন অধিদপ্তরের প্রশিক্ষণ ও সমন্বয় শাখার আয়োজনে ৫ জুন, ২০২২ খ্রিঃ তারিখে সদর দপ্তরে "খসড়া কৃষি বিপণন নীতি ২০২২ পর্যালোচনা" বিষয়ক দিনব্যাপী কর্মশালা সম্পন্ন হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্মসচিব (পিআরএল) জনাব কাজী আবুল কালাম, সাবেক পরিচালক (গবেষণা), কৃষি বিপণন অধিদপ্তর। মূল প্রবন্ধের উপর গুরুত্বপূর্ণ আলোচনা করেন জনাব মোঃ দীন ইসলাম, পরিচালক (প্রশাসন ও হিসাব) (যুগ্মসচিব) এবং জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, পরিচালক (আইসিটি ও প্রশিক্ষণ) (যুগ্মসচিব), কৃষি বিপণন অধিদপ্তর। সদর দপ্তরের কর্মকর্তাগণ কর্মশালায় ২টি গ্রুপে বিভক্ত হয়ে উল্লিখিত বিষয়ে দলগত উপস্থাপনা করেন।

## রংপুরে আম চাষী ও ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

১৫ জুন, ২০২২ খ্রিঃ তারিখ থেকে বাজারে আসে হাড়িভাঙা আম। সে লক্ষ্যে রংপুরে আম চাষী ও ব্যবসায়ীদের সাথে ০৭ জুন, ২০২২ খ্রিঃ তারিখ মিঠাপুকুর উপজেলা প্রশাসন ও কৃষি বিপণন অধিদপ্তরের যৌথ আয়োজনে পদাগঞ্জ স্কুল এন্ড কলেজ মাঠে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।




মতবিনিময় সভায় জেলা প্রশাসক, রংপুরের সাথে উপস্থিত বিভাগীয় উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর

সভায় আম চাষীরা তাদের বিভিন্ন চাওয়া পাওয়া ও দাবীগুলো সম্পর্কে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। কীটনাশক এর পরিমিত ব্যবহার ও পরিপক্ক হওয়ার পরে আম সংগ্রহের ব্যাপারে ও মান বৃদ্ধি করতে নানামুখী পদক্ষেপের কথা তুলে ধরেন জেলা প্রশাসক জনাব আসিব আহসান। আমের স্থায়ীত্ব বাড়ানোর জন্য বিভিন্ন গবেষণা ও জিআই পণ্য হিসেবে তালিকাভুক্ত করতে জেলা প্রশাসন পদক্ষেপ নিয়েছে বলেও তিনি জানান। কৃষি বিপণন অধিদপ্তরের বিভাগীয় উপপরিচালক জনাব মোঃ আনোয়ারুল হক জানান যে, হাড়িভাঙা আমের বিক্রি সম্প্রসারণের লক্ষ্যে দেশের ৬৪ জেলায় চাষী ও ব্যবসায়ীদের তালিকা প্রেরণ করা হয়েছে।

## এসসিপি প্রকল্পের আওতায় "ম্যাচিং গ্রান্ট নীতিমালা চূড়ান্তকরণ" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসসিপি) -এর আওতায় "ম্যাচিং গ্রান্ট নীতিমালা চূড়ান্তকরণ" শীর্ষক কর্মশালা ১৩ এপ্রিল, ২০২২ খ্রিঃ তারিখ বুধবার কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জনাব আঃ গাফ্‌ফার খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, পরিচালক (যুগ্মসচিব), (গবেষণা ও আইসিটি)

এবং ড. মোহাম্মদ এমদাদুল হক, প্রকল্প পরিচালক, এসএসিপি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ দীন ইসলাম, পরিচালক (যুগ্মসচিব) (প্রশাসন ও হিসাব), কৃষি বিপণন অধিদপ্তর। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মোঃ আশরাফুজ্জামান, কম্পোনেন্ট পরিচালক, এসএসিপি, কৃষি বিপণন অধিদপ্তর। কর্মশালায় প্রাপ্ত বিভিন্ন মতামতের ভিত্তিতে এবং একই ধরনের কার্যক্রমের অন্যান্য প্রতিষ্ঠানের নীতিমালা সংগ্রহপূর্বক ম্যাচিং গ্রান্ট নীতিমালাটি চূড়ান্তকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

## মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর মহোদয়ের মাদারীপুর জেলা কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয় পরিদর্শন



১২ জুলাই ২০২২ খ্রিঃ তারিখ কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আঃ গাফ্ফার খান মাদারীপুর জেলা কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি জেলা কার্যালয়ের কার্যক্রম আরও গতিশীল করতে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন।

## মাদারীপুর জেলার মধুকোষ ব্রান্ডের মধু ঢাকার বিভিন্ন ব্যবসায়ীদের সাথে লিংকেজ স্থাপন বিষয়ক সভা অনুষ্ঠিত



মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ

মাদারীপুর জেলার মধুকোষ ব্রান্ডের মধু ঢাকার বিভিন্ন ব্যবসায়ীদের সাথে লিংকেজ স্থাপন বিষয়ক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ ফজলুর রহমান, বিভাগীয় উপপরিচালক, ঢাকা। সভায় মধু কোষ ব্রান্ডের মালিক মোঃ আনোয়ার সরদার মধুর বিষয়ে বিস্তারিত বিবরণ তুলে ধরেন। সভায় উপস্থিত সদস্যরা বিভিন্ন প্রশ্নের সঠিক উত্তর পাওয়ায় সন্তুষ্টি প্রকাশ করেন এবং মধু ক্রয়ে আগ্রহ প্রকাশ করেন। সভায় কৃষি বিপণন কর্মকর্তা বলেন, মাদারীপুর জেলা প্রশাসক মহোদয় এর সাথে একটা চুক্তি হয়েছে এই মর্মে মধুতে ভেজাল প্রমানিত হলে অর্থ দন্ড সহ উভয় দন্ডে দন্ডিত করা হবে। সভায় উপস্থিত ছিলেন আগরা, স্বপ্ন, প্রিন্স বাজার, chaldal.com, প্রতিবেশী কুটির শিল্প, অনলাইন ভিত্তিক নারী উদ্যোক্তা গন সহ ঢাকা জেলার অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## চট্টগ্রামে "মৌসুমী কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, বিপণন ও উদ্যোক্তা সৃষ্টিকরণ" বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত



প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব), জনাব ওমর মোঃ ইমরুল মহসিন

আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রামের আয়োজনে ২৪ মে, ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত "মৌসুমী কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, বিপণন ও উদ্যোক্তা সৃষ্টিকরণ" বিষয়ক প্রশিক্ষণের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব), আইসিটি ও গবেষণা, জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চলের অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মোফাজ্জল করিম ও কৃষি বিপণন অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগের উপপরিচালক নাসিম ফারহানা শিরীন।

## নরসিংদীতে কৃষকের বাজার পরিদর্শন

নরসিংদী জেলার শিবপুর উপজেলার পুটিয়া বাজারে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কৃষকের বাজার পরিদর্শন করেন কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), নরসিংদী। নরসিংদী জেলার গুরুত্বপূর্ণ শাক- সবজি উৎপাদন এলাকায় এ রকম কার্যক্রম গ্রহণপূর্বক, ব্যবসায়ী ও ভোক্তা সংযোগ স্থাপন করা হলে একদিকে যেমন নিরাপদ শাক-সবজি উৎপাদন পরবর্তী ক্ষতি কমিয়ে কৃষকদের আর্থিকভাবে লাভবান করা সম্ভব। অন্যদিকে কৃষি ভিত্তিক ক্ষুদ্র ও মাঝারী প্রক্রিয়াজাতকারণ শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার মাধ্যমে দেশের অথনীতিতে অবদান রাখা সম্ভব। নিরাপদ শাক- সবজি উৎপাদনকারীর স্বার্থ রক্ষা ও মূল্য বঞ্চনা থেকে মুক্তি দেয়া, কৃষক ও ভোক্তার কল্যাণ,

মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য ও অযাচিত প্রভাব রোধকল্পে কৃষকের উৎপাদিত পণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তিতে সহায়তা প্রদান এবং সুষ্ঠ বিপণন ব্যবস্থা নিশ্চিত করণের লক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তর কাজ করে যাচ্ছে।




নরসিংদীতে কৃষকের বাজার পরিদর্শন করছেন কৃষি বিপণন কর্মকর্তা, নরসিংদী

## গাবতলীতে ফুলের পাইকারি বাজারে ফুল প্রসেসিং প্লান্ট স্থাপন



ফুল প্রসেসিং প্লান্টে কাজ করছেন ফুল চাষী এবং উদ্যোক্তাগণ

০৫ জুন, ২০২২ খ্রিঃ তারিখ গাবতলীতে ফুলের পাইকারি বাজারে ফুল প্রসেসিং প্লান্ট ইনস্টল করা হয়। কৃষি বিপণন অধিদপ্তরের কর্মচারী এবং ফুল ব্যবসায়ীদের হাতে কলমে প্রশিক্ষণ দেয়া হয়। ফুল প্রসেসিং প্লান্টের কাজ হলো ফুলের প্রয়োজন মত গোছা/আটি তৈরী, স্টেম কাটিং, অপ্রয়োজনীয় পাতা, কাটা ইত্যাদি ছেটে ফেলে ফুলের মান বৃদ্ধি করা। এ ছাড়াও ফুলের গোছাগুলোকে প্রাথমিক র‍্যাপিং দেয়ার জন্য পৃথক ইউনিট আছে। এই প্লান্ট স্থাপনের মাধ্যমে উন্নত বিশ্বের চাহিদা অনুযায়ী মানসম্পন্ন ফুল তৈরির ক্ষেত্রে বাংলাদেশ সক্ষমতা অর্জন করলো। আশা করা যায় ভবিষ্যতে বাংলাদেশ থেকে ফুল রপ্তানির মাধ্যমে রপ্তানি বহুমূখীকরণ হবে।

## "উত্তম কৃষি চর্চা (GAP) বাস্তবায়ন" বিষয়ক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

কৃষি বিপণন অধিদপ্তরের প্রশিক্ষণ ও সমন্বয় শাখার আয়োজনে ৬ জুন, ২০২২ খ্রিঃ তারিখে সদর দপ্তরে "উত্তম কৃষি চর্চা (GAP) বাস্তবায়ন" বিষয়ক দিনব্যাপী কর্মশালা সম্পন্ন হয়েছে।



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত জনাব আঃ গাফফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর। কর্মশালায় উল্লিখিত বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর আবু নোমান ফারুক আহমেদ, চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অফ প্লান্ট প্যাথলজি, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা। মূল প্রবন্ধের উপর গুরুত্বপূর্ণ আলোচনা করেন জনাব মোঃ দীন ইসলাম, পরিচালক (প্রশাসন ও হিসাব) (যুগ্মসচিব) এবং জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, পরিচালক (আইসিটি ও প্রশিক্ষণ) (যুগ্মসচিব), কৃষি বিপণন অধিদপ্তর। সদর দপ্তরের কর্মকর্তাগণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

## গোপালগঞ্জে খোলা তেল বিক্রয়কারী ও ডিলারদের খাদ্য নিরাপত্তা এবং হাইজিন শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত




তেল বিক্রয়কারী ও ডিলারদের খাদ্য নিরাপত্তা এবং হাইজিন শীর্ষক প্রশিক্ষণে উপস্থিত কৃষি বিপণন কর্মকর্তা, গোপালগঞ্জ

২৯ জুন, ২০২২ খ্রিঃ তারিখ গোপালগঞ্জ জেলায় ক্ষুদ্র ও মাঝারি খোলা তেল বিক্রয়কারী ও ডিলারদের খাদ্য নিরাপত্তা এবং হাইজিন শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুল কাইউম সরকার (অতিরিক্ত সচিব) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। সভাপতিত্ব করেন জনাব মুন্নি খাতুন, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গোপালগঞ্জ। জনাব আরিফ হোসেন, কৃষি বিপণন কর্মকর্তা, গোপালগঞ্জ এবং জনাব দিপংকর রায়, উপপরিচালক, বিএডিসি, গোপালগঞ্জ সভায় উপস্থিত ছিলেন।

## শস্য গুদাম ঋণ কার্যক্রমের আওতাভূক্ত কৃষকদের শস্য সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত



কৃষকদের শস্য সংরক্ষণ বিষয়ে আয়োজিত প্রশিক্ষণে উপস্থিত আঞ্চলিক ব্যবস্থাপক, শেরপুর

কৃষি বিপণন অধিদপ্তরের শস্য গুদাম ঋণ কার্যক্রম এর আওতাভূক্ত কৃষকদের শস্য সংরক্ষণ বিষয়ে ০৮ জুন, ২০২২ খ্রিঃ তারিখে এক দিনের প্রশিক্ষণ শেরপুর জেলার কলতাপাড়া গুদামে অনুষ্ঠিত হয়েছে। এতে আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মোঃ হাসান হাফিজ এবং জেলা বাজার কর্মকর্তা, ময়মনসিংহ জনাব মোঃ ঝিল্লুল বারী ভূঞা উপস্থিত ছিলেন।

## কুড়িগ্রামে কোরবানির পশু জবাই, চামড়া সংরক্ষণ ও হাট তদারকি বিষয়ক সভা অনুষ্ঠিত



অবহিতকরণ সভায় উপস্থিত জেলা কৃষি বিপণন কর্মকর্তা, কুড়িগ্রাম

০৫ জুলাই, ২০২২ খ্রি. তারিখে জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর সভাপতিত্বে চামড়া ও লবণ ব্যবসায়ী এবং প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর, ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর, বিসিক ও পরিবেশ অধিদপ্তর এর কর্মকর্তাদের সমন্বয়ে কোরবানির পশু জবাই, চামড়া সংরক্ষণ ও হাট তদারকি বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। জেলা কৃষি বিপণন কর্মকর্তা, কুড়িগ্রাম জনাব মমতা হক সভায় অংশগ্রহণ করে এতদসংক্রান্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তরের গৃহিত কার্যক্রম উপস্থাপন করেন।

## কৃষি বিপণন আইন-২০১৮ অনুযায়ী বগুড়ায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা



কৃষি বিপণন আইন-২০১৮ মোতাবেক ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহায়তা করছেন সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, বগুড়া

১২ মে, ২০২২ খ্রি. তারিখে বগুড়া জেলায় নিয়মিত বাজার তদারকির পাশাপাশি কৃষি বিপণন আইন-২০১৮ মোতাবেক পরিচালিত হয় ভ্রাম্যমাণ আদালত। এতে নেতৃত্ব দেন জেলা প্রশাসন, বগুড়ার সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব জান্নাতুল নাঈম। কৃষি বিপণন আইন-২০১৮ অনুযায়ী বিপণনের প্রত্যেক স্তরেই ক্রয়-বিক্রয় রশিদ সংরক্ষণ, মূল্যতালিকা প্রদর্শন ও সঠিক পরিমাপে পণ্য বিক্রয়ের বিধানাবলীর বিষয়ে তদারকি করা হয় এই ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে। পণ্যর মূল্য তালিকা হালনাগাদ না থাকায় জেলা সদরের অন্যতম প্রধান বাজার রাজাবাজারের প্রতিষ্ঠানটিকে কৃষি বিপণন আইন-২০১৮ এর ১৯ (ঙ) ধারায় ২০০০/- (দুই হাজার) টাকা অর্থদন্ড আরোপ ও আদায় করা হয়। প্রশিকিউশন দেন বগুড়া জেলার দায়িত্বপ্রাপ্ত সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা জনাব আবু সালেহ মোঃ হাসান সারওয়ার।

## "Export Potentials of Mango" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



কর্মশালায় আলোচক হিসেবে উপস্থিত জনাব ওমর মোঃ ইমরুল মহসিন (যুগ্মসচিব), পরিচালক (গবেষণা), কৃষি বিপণন অধিদপ্তর

১১ জুন, ২০২২ খ্রিঃ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে "Export Potentials of Mango" শীর্ষক দিনব্যাপী কর্মশালা সম্পন্ন হয়েছে। কর্মশালায় উল্লিখিত বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মোঃ নাজমুল হায়দার ভুইয়া,

রপ্তানিকারক, এনএইচবি কর্পোরেশন, ঢাকা। মূল প্রবন্ধের উপর গুরুত্বপূর্ণ আলোচনা করেন জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, পরিচালক (আইসিটি ও প্রশিক্ষণ) (যুগ্মসচিব) এবং জনাব মোঃ দীন ইসলাম, পরিচালক (প্রশাসন ও হিসাব) (যুগ্মসচিব), কৃষি বিপণন অধিদপ্তর। সদর দপ্তরের কর্মকর্তাগণ এবং আম রপ্তানিকারকগণ কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালায় চলতি মৌসুমে আম রপ্তানির সমস্যা ও সম্ভাবনা নিয়ে বিশদভাবে আলোচনা হয়।

## নওগাঁয় কুরবানীর পশুর চামড়া সংরক্ষণ ও লবণ প্রক্রিয়াজাতকরণের নির্দেশনার লিফলেট বিতরণ



পশুর চামড়া সংরক্ষণ ও লবণ প্রক্রিয়াজাতকরণের নির্দেশনার লিফলেট বিতরণ করছেন কৃষি বিপণন কর্মকর্তা, নওগাঁ

০৭ জুলাই, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, নওগাঁতে কুরবানীর পশুর চামড়া সংরক্ষণ ও লবণ প্রক্রিয়াজাতকরণের নির্দেশনার লিফলেট বিতরণ করা হয়। নওগাঁ চামড়া সমিতির পক্ষে লিফলেট গ্রহণ করেন জনাব মোঃ হারুনুর রশিদ, সচিব চামড়া ব্যবসায়ী সমিতি, নওগাঁ।

## প্রসেসিং সেন্টারের যন্ত্রপাতি ব্যবহার বিষয়ে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র নরসিংদীতে প্রশিক্ষণ অনুষ্ঠিত



আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র নরসিংদীতে প্রশিক্ষণার্থীগণ হাতে কলমে কাঁঠাল প্রক্রিয়াজাতকরণ কার্যক্রম শিখছেন

১০ জুন, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের প্রশিক্ষণ ও সমন্বয় শাখার আয়োজনে, প্রসেসিং সেন্টারের যন্ত্রপাতি ব্যবহার বিষয়ে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র নরসিংদীতে দুই দিনব্যাপি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন কৃষি বিপণন অধিদপ্তরের বিভিন্ন অফিস থেকে আগত ২২ জন অংশগ্রহণকারী। যন্ত্রপাতি পরিচালনার উপর প্রশিক্ষণ প্রদান করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের ফুড টেকনোলজি ডিপার্টমেন্টের প্রফেসর জনাব গুলজার হোসেন এবং তার দুজন সহকর্মী (টেকনিশিয়ান)।

## ভোলায় "কৃষিপণ্য বিপণন ব্যবস্থা কৌশল বিষয়ক প্রশিক্ষণ" অনুষ্ঠিত



প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত উপপরিচালক, শগঋক ও গুদাম ব্যবস্থাপনা, কৃষি বিপণন অধিদপ্তর

০৩ জুন, ২০২২ ইং তারিখে কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, ভোলায় কৃষি বিপণন অধিদপ্তরের অনলাইন কৃষি বিপণন প্লাটফর্ম কর্মসূচির মাধ্যমে "কৃষিপণ্য বিপণন ব্যবস্থা কৌশল বিষয়ক প্রশিক্ষণ" অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে রিসোর্স পার্সন উপস্থিত ছিলেন জনাব ড. ফাতেমা ওয়াদুদ, উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, জনাব এস, এম মাহবুব আলম, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, বরিশাল এবং জনাব মোঃ মোস্তফা সোহেল, কৃষি বিপণন কর্মকর্তা, ভোলা। উক্ত প্রশিক্ষণে ভোলা জেলার বিভিন্ন উপজেলার কৃষক, কৃষি উদ্যোক্তা, কৃষিপণ্য ব্যবসায়ী, সদাই উদ্যোক্তা, প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তাগণ প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।

## পাবনায় পেঁয়াজ-রসুন সংরক্ষণের ঘর নির্বাচন



পাবনা জেলাধীন সাথিয়া উপজেলা বিভিন্ন ইউনিয়ন এবং এলাকার পেঁয়াজ ও রসুন চাষি নির্বাচনের জন্য উপজেলা কৃষি অফিসারসহ সরজমিনে কৃষককের বাড়ি পরিদর্শন করেন প্রকল্প পরিচালক জনাব মোঃ হেলাল উদ্দিন।

## সদর দপ্তরে "Export Potentials of Potato" শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত জনাব আঃ গাফফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

১২ জুন, ২০২২ খ্রিঃ তারিখে সদর দপ্তরে "Export Potentials of Potato" শীর্ষক দিনব্যাপী কর্মশালা সম্পন্ন হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর। কর্মশালায় উল্লিখিত বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মোঃ জহিরুল ইসলাম খান, ব্যবস্থাপনা পরিচালক, এগ্রোটেক বিডি লিঃ, ঢাকা। মূল প্রবন্ধের উপর গুরুত্বপূর্ণ আলোচনা করেন জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, পরিচালক (আইসিটি ও প্রশিক্ষণ) (যুগ্মসচিব) এবং জনাব মোঃ দীন ইসলাম, পরিচালক (প্রশাসন ও হিসাব) (যুগ্মসচিব), কৃষি বিপণন অধিদপ্তর। সদর দপ্তরের কর্মকর্তাগণ এবং আলু রপ্তানিকারকগণ কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালায় চলতি মৌসুমে আলু রপ্তানির সমস্যা ও সম্ভাবনা নিয়ে বিশদভাবে আলোচনা হয়।

## সাতক্ষীরা জেলার হিমসাগর আম রপ্তানি কার্যক্রমের শুভ উদ্বোধন



আম রপ্তানি কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, সাতক্ষীরা

১৯ মে, ২০২২ খ্রি. তারিখে সাতক্ষীরা জেলার হিমসাগর আম রপ্তানি কার্যক্রমের শুভ উদ্বোধন করেন জেলা প্রশাসক জনাব মোহাম্মদ হুমায়ুন কবির। উক্ত অনুষ্ঠানে উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সাতক্ষীরা জনাব নূরুল ইসলাম, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, সাতক্ষীরা জনাব সালেহ মোঃ আবদুল্লাহ্, বাগান মালিক মোঃ কবিরুল ইসলামসহ বিভিন্ন আম চাষী এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

## সাতক্ষীরা জেলার অফিস কাম ট্রেনিং সেন্টারের নির্মাণ কাজ তদারকি



কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ শীর্ষক প্রকল্পের আওতায় সাতক্ষীরা জেলার অফিস কাম ট্রেনিং সেন্টারের নির্মাণ কাজ ২০ জুন, ২০২২ খ্রি. তারিখে পরিদর্শন করেন সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, সাতক্ষীরা জনাব সালেহ মোঃ আব্দুল্লাহ।

## কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তাগণের সঙ্গে প্রকল্প মনিটরিং টিমের মতবিনিময় সভা অনুষ্ঠিত




মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ আবদুর রৌফ, অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়

২৭ মে, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প আয়োজিত কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তাগণের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ আবদুর রৌফ, অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ ছায়েদুজ্জামান, অতিরিক্ত সচিব, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা, জনাব এ.টি.এম. সাইফুল ইসলাম, যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয়,

বাংলাদেশ সচিবালয়, ঢাকা, জনাব শাহনাজ বেগম নীনা, প্রকল্প পরিচালক (উপসচিব), কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা, জনাব মোসাম্মাৎ জোহরা খাতুন, উপসচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোছাঃ তাছলিমা খাতুন, উপপরিচালক (উপসচিব), কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী। পরবর্তীতে অতিথিবৃন্দ জোরদারকরণ প্রকল্পের অর্থায়নে নির্মিত রাজশাহীর সিলিন্দায় অবস্থিত 'জিরো এনার্জি কুল চেম্বার' প্রদর্শন করেন।

## জাতীয় ফল মেলা-২০২২ এ কৃষি বিপণন অধিদপ্তরের এককভাবে তৃতীয় স্থান অর্জন




জাতীয় ফল মেলা-২০২২ এ কৃষি বিপণন অধিদপ্তরের এককভাবে তৃতীয় স্থান অর্জনের ক্রেস্ট গ্রহণ করছেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর।

## সাতক্ষীরায় কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত




প্রশিক্ষণ কার্যক্রমে প্রধান অতিথি হিসেবে উপস্থিত জনাব মোহাম্মদ মফিজুর রহমান, যুগ্মপ্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ

০৩ ও ০৪ জুন, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ শীর্ষক প্রকল্পের আওতায় কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ সাতক্ষীরায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ মফিজুর রহমান, যুগ্মপ্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, ফসল অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ দীন ইসলাম, পরিচালক (যুগ্মসচিব), কৃষি বিপণন অধিদপ্তর, জনাব শাহনাজ বেগম নীনা, প্রকল্প পরিচালক (উপসচিব), কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, জনাব মোহাম্মদ সোলায়মান, উপপ্রধান, ফসল উইং পরিকল্পনা কমিশন, ঢাকা, জনাব জেসমিন সুলতানা, সিনিয়র সহকারী প্রধান, ফসল উইং, পরিকল্পনা কমিশন। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব সিফাত মেহনাজ, উপপরিচালক (উপসচিব), কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা বিভাগ।

## বিভাগীয় উপপরিচালকগণের সাথে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর



বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিভাগীয় উপপরিচালকগণের সাথে উপস্থিত পরিচালক (প্রশাসন ও হিসাব), কৃষি বিপণন অধিদপ্তর

২৯ জুন, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এবং উপপরিচালক, বিভাগীয় অফিস সমূহের মধ্যে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ০৮ টি বিভাগের উপপরিচালক নিজ নিজ কর্মসম্পাদন চুক্তিতে স্বাক্ষর করেন। জনাব মোঃ দীন ইসলাম, পরিচালক (প্রশাসন ও হিসাব) উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ও অগামী অর্থ বছরের প্রতিটি সূচক, লক্ষ্যমাত্রার অর্জনের বিপরীতে প্রমাণক সমূহ কেমন হবে সেটির উপর একটি কারিগরি সেশন উপস্থাপন করেন জনাব মাসুদ রানা, সহকারী পরিচালক এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ, সদর দপ্তর। সদর দপ্তরের এপিএ বাস্তবায়নকারী টিমের সকল সদস্যসহ আরও উপস্থিত ছিলেন জনাব ইকবাল হোসেন চাকলাদার, উপপরিচালক (আরইটিসি) এবং টীম লিডার, এপিএ এবং শাহনাজ বেগম নীনা, উপপরিচালক (নীতি ও পরিকল্পনা)। সভায় এপিএ সফলভাবে বাস্তবায়নে সকল উপপরিচালকগণ সহযোগিতা করবেন এবং বাস্তবায়নে সকলে তাদের মতামত ব্যক্ত করেন।

সম্পাদনা: মোঃ রশিদুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও সমন্বয়), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
ফোনঃ ০২-৫৫০২৮৪৪৯; ই-মেইলঃ rashidul609@gmail.com; ওয়েবসাইটঃ www.dam.portal.gov.bd